



গণঅধিকার থেকে পদত্যাগ করে বিএনপিতে যোগ দিচ্ছেন রাশেদ খান



সংগৃহীত ছবি

গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খাঁন শিগগিরই দলীয় পদ থেকে সরে দাঁড়িয়ে বিএনপিতে যোগ দিচ্ছেন। এমন তথ্য নিশ্চিত করেছেন দলটির একটি দায়িত্বশীল সূত্র। একই সঙ্গে তিনি বিএনপির প্রতীক ধানের শীষ নিয়ে নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন বলেও জানানো হয়েছে।

শুক্রবার (২৬ ডিসেম্বর) গণঅধিকার পরিষদের উচ্চতর পরিষদ সদস্য ও গণমাধ্যম সমন্বয়ক আবু হানিফ বলেন, রাশেদ খাঁন সাধারণ সম্পাদকের পদ থেকে পদত্যাগ করে বিএনপিতে যোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। তিনি জানান, রাশেদ খাঁনের পদত্যাগ কার্যকর হলে দলের পরবর্তী সাধারণ সম্পাদক কে হবেন, তা নির্বাহী পরিষদ ও উচ্চতর পরিষদের বৈঠকে নির্ধারণ করা হবে।

তবে এসব তথ্যের বিষয়ে রাশেদ খাঁন নিজে এখনো কোনো চূড়ান্ত অবস্থান জানাননি। তিনি বলেন, “এখনো সিদ্ধান্ত চূড়ান্ত হয়নি। এই মুহূর্তে আমি কোনো মন্তব্য করব না। সিদ্ধান্ত হলে তা জানানো হবে।”